



MADE IN
BANGLADESH
WEEK
12-18 November 2022, Dhaka



সার্কুলার নং: বিজিএ/কাস/২০২৩/১৮

তারিখ: ২২/০১/২০২৩

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য সংশ্লিষ্ট কাস্টম হাউস/বন্ড কমিশনারেট হতে প্রত্যয়ন করে বাংলাদেশ ব্যাংকের অন-লাইনে হালনাগাদকরণ প্রসঙ্গে।

সূত্রঃ (ক) বাংলাদেশ ব্যাংকের স্মারক নং- এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩১/২০২২, তারিখ: ১৭/০১/২০২৩।


(খ) জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং-০৮.০১.০০০০.৫৬.০১.০০২.১৭/৬০৮, তারিখ: ২৬/১২/২০২২।

সম্মানিত সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ব্যাংক কর্তৃক সূত্রোক্ত 'ক' স্মারকের মাধ্যমে শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য আগামী ৩০/০৪/২০২৩ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কাস্টম হাউস/বন্ড কমিশনারেট হতে প্রত্যয়ন করে বাংলাদেশ ব্যাংকের অন-লাইনে হালনাগাদকরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য বাংলাদেশ ব্যাংকের অন-লাইনে হালনাগাদকরণের জন্য Online Export Monitoring System এর Ticketing Module এর মাধ্যমে সংশ্লিষ্ট ইএক্সপি সংশোধনের আবেদনের সাথে কাস্টম হাউস/বন্ড কমিশনারেটের প্রত্যয়ন পত্রের কপি ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্টে (এক্সপোর্ট ট্রেড শাখা) প্রেরণের পরামর্শ প্রদান করা হয়েছে।

নিরবিচ্ছিন্নভাবে আমদানি-রপ্তানি কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য আগামী ৩০/০৪/২০২৩ তারিখের মধ্যে হালনাগাদকরণের নিমিত্তে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে সূত্রে উল্লেখিত বাংলাদেশ ব্যাংক ও জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা পত্রদ্বয় এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,


মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •

Shahinur-customs



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট
(এক্সপোর্ট ট্রেড শাখা)

তারিখঃ ১৭/০১/২০২৩ ইং

সূত্র নং- এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩১/২০২২-

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা/ কান্ট্রি ম্যানেজার
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী এডি ব্যাংক

প্রিয় মহোদয়,

অপ্রত্যাশিত ও মেয়াদোত্তীর্ণ রপ্তানি বিলের প্রকৃত তথ্য হিসাবায়ন প্রসঙ্গে।

শীর্ষক বিষয়ে ২৬/১২/২০২২ তারিখে জারিকৃত জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং- ০৮.০১.০০০০.৫৬.০১.০০২.১৭/৬০৮ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২) শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য সংশ্লিষ্ট কাস্টম হাউস/বন্ড কমিশনারেট হতে আগামী ৩০/০৪/২০২৩ তারিখের মধ্যে প্রত্যয়ন করে হালনাগাদের কাজ সম্পন্ন করতে আপনাদের গ্রাহক/রপ্তানিকারক প্রতিষ্ঠানসমূহকে তালিকা প্রদান করা এবং Online Export Monitoring System এর Ticketing Module এর মাধ্যমে সংশ্লিষ্ট ইএক্সপি সংশোধনের আবেদনের সাথে উক্ত প্রত্যয়ন পত্রের কপিও এ বিভাগে প্রেরণ করার পরামর্শ প্রদান করা হল।

০৩) প্রদত্ত সময়সীমার মধ্যে শর্ট শিপমেন্ট সংক্রান্ত বিল অব এক্সপোর্টের তথ্য হালনাগাদ করা না হলে ঐ ইএক্সপিসমূহকে আংশিক মেয়াদোত্তীর্ণ হিসেবে গণ্য করতঃ গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রাজেকশন, ২০১৮ এর ভলিউম ১, অধ্যায় ৮, অনুচ্ছেদ ১৩ এর নির্দেশনা অনুযায়ী ফরেন এক্সচেঞ্জ রেগুলেশন অ্যাক্ট, ১৯৪৭ এর সেকশন ২৩(৩) এর প্রদত্ত ক্ষমতাবলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হতে পারে।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তিঃ এক (০১) পাতা।

স্বাঃ/

(মোঃ মোকাদ্দেম আহামদ)

যুগ্ম-পরিচালক

ফোনঃ +৮৮ ০২ ৫৫৬৬৫০০১-৫/২১১৫১

অনুলিপি নং- এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩১/২০২২- ২৫৮

তারিখঃ উল্লিখিত

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ।

১) সভাপতি, বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (বিজিএমইএ), বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ি নং- ৭/৭এ, সেক্টর-১৭, ব্লকঃ এইচ-১, উত্তরা, ঢাকা-১২৩০। (দৃষ্টি আকর্ষণঃ সৈয়দ নজরুল ইসলাম, প্রথম সহ-সভাপতি)

২) সভাপতি, বাংলাদেশ নিটওয়্যার প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (বিকেএমইএ), ২৩৩/১ বঙ্গবন্ধু রোড, প্রেস ক্লাব ভবন (২য় ও ৩য় তলা), নারায়নগঞ্জ-১৪০০। (দৃষ্টি আকর্ষণঃ মোহাম্মদ হাতেম, নির্বাহী সভাপতি)

৩) সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস অ্যাসোসিয়েশন (বিটিএমএ), ৮ পান্থপথ, ইউটিসি ভবন, লেভেল- ৮, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫। (দৃষ্টি আকর্ষণঃ মনসুর আহমেদ, অতিরিক্ত পরিচালক ও সিইও- ইনচার্জ)

যুগ্ম-পরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০১.০০২.১৭/৬০৬

তারিখ: ২৬/১২/২০২২ খ্রি:।

বিষয়: পোশাক শিল্পের পণ্য চালান রপ্তানিতে Short Shipment সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য Asycuda World System-এ হালনাগাদকরণ প্রসঙ্গে।

সূত্র: গত ১৪/১১/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ে সকল অংশীজনদের অংশগ্রহণে গত ১৪/১১/২০২২ খ্রি তারিখে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি) মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী এতদসঙ্গে প্রেরণ করা হলো। উক্ত সভায় গত ৩১.১২.২০২০ খ্রিষ্টাব্দের পূর্বের Short Shipment সংক্রান্ত দাখিলকৃত অনিশ্চিত আবেদনসমূহ যথাযথভাবে পরীক্ষা করে সঠিক প্রাপ্তি সাপেক্ষে সংশ্লিষ্ট কাস্টম হাউজ বা কাস্টমস বন্ড কমিশনারেট কর্তৃক প্রত্যয়নপূর্বক বাংলাদেশ ব্যাংকে প্রেরণের পর, বাংলাদেশ ব্যাংক কর্তৃক সংশ্লিষ্ট তথ্য হালনাগাদ করণের সিদ্ধান্ত গৃহীত হয়। সে অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষর:

(নাজমুন নাহার)

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

ই-মেইল-ssbondnbr@gmail.com

প্রাপক: (ক্ষেত্রতার ক্রমানুসারে নয়)


১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
২. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা)।
৩. ভাইস চেয়ারম্যান, এক্সপোর্ট প্রমোশন ব্যুরো (ইপিবি), ঢাকা।
৪. সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ), ঢাকা।
- ৫-১০. কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোলা/মোংলা/পানগাঁও/আইসিডি (কমলাপুর)।
- ১১-১৩. কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ চট্টগ্রাম।
১৪. সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ১৫-১৬. প্রথম সচিব (কাস্টমস নীতি/কাস্টমস মূল্যায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ১৭-১৮. দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি/কাস্টমস মূল্যায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০১.০০২.১৭/

অনুলিপি: সদয় অবগতির জন্য

- ১। সভাপতি, বাংলাদেশ ফ্রোজেন ফুডস এক্সপোর্টার্স এসোসিয়েশন।
- ২। পি এ টু সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা
- ৩-৪। অফিস কপি/গার্ড কপি।

তারিখ: ২৬/১২/২০২২ খ্রি:।



(নাজমুন নাহার)

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

ই-মেইল-ssbondnbr@gmail.com